# ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের
# ৩৩তম সাধারণ সভার কার্যবিবরণী

তারিখ ঃ ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

স্থান ঃ থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম

## চট্টগ্রাম সিটি কর্পোরেশন

আপনার শহরকে পরিচ্ছন্ন ও সবুজ রাখুন

শেখ হাসিনার মূলনীতি গ্রাম শহরের উন্নতি

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
সচিবালয় বিভাগ
সাধারণ শাখা
বাটালি হিল, টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.gov.bd

## চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৩ তম সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী<br>মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন |
| সভার তারিখ | : | ২৯ অক্টোবর ২০২৩ খ্রিঃ |
| স্থান | : | থিয়েটার ইনস্টিটিউট, চট্টগ্রাম |
| সভার সময় | : | সকাল-১১.০০ ঘটিকা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট ক-তে প্রদত্ত (স্বাক্ষরের ক্রমানুসারে)।

পবিত্র কোরআন তিলাওয়াতের মাধ্যমে সভা শুরু করা হয়। সভার শুরুতে চট্টগ্রামের গণ্যমান্য ব্যক্তি ও ২৮ অক্টোবর ঢাকায় অন নিরাপত্তার দায়িত্ব পালনরত অবস্থায় বিএনপির সন্ত্রাসী কর্তৃক নির্মমভাবে নিহত পুলিশ কনস্টেবল মো. পারভেজ মজুমদারের মৃত্যুতে শোক প্রকাশ এবং তাঁদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত করা হয়। সভায় ফিলিস্তিনের অসহায় জনগণের কল্যাণ কামনায় দোয়া করা হয়।

সভাপতি উপস্থিত প্যানেল মেয়র, কাউন্সিলরগণ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা ও অন্যান্য সংস্থার প্রতিনিধিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়ে সভা পরিচালনা করার জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম-কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা সভার কার্যক্রম শুরু করেন। সভায় চট্টগ্রাম সিটি কর্পোরেশনে সদ্য প্রেষণে যোগদানকৃত প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা বাংলাদেশ নৌবাহিনীর কমান্ডার জনাব শফিকুল হক চৌধুরী ও নির্বাহী ম্যাজিস্ট্রেট চৈতী সর্ববিদ্যা সভাসদগণের সম্মুখে তাদের পরিচয় উপস্থাপন করলে সিটি কর্পোরেশন পরিবারে তাদের স্বাগত জানানো হয়।

সভার শুরুতে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম গত সভায় বিভিন্ন সংস্থা ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগওয়ারী গৃহীত গুরুত্বপূর্ণ সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনার জন্য সচিব জনাব খালেদ মাহমুদ-কে আহবান জানান।

সচিব এ বিষয়ে বিভিন্ন সংস্থার প্রতিনিধি, চসিকের বিভাগীয় প্রধানগণ ও প্রকৌশল বিভাগের অধীনে বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের পরিচালকদের প্রকল্প অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন বিশেষত জলাবদ্ধতা নিরসন, মশক নিধন বিষয়ে সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপনের জন্য আহবান জানালে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ অগ্রগতির বিষয়ে বক্তব্য উপস্থাপন করেন। তিনি বিগত সভার কার্যবিবরণীতে অন্তর্ভুক্ত সিদ্ধান্তসমূহের অগ্রগতি ত্বরান্বিতকরণে এবং অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আকর্ষণ করেন।

অতঃপর পরবর্তী আলোচ্য সূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণের জন্য তিনি সকলের প্রতি অনুরোধ জানান।

১.১. ২নং জালালাবাদ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ শাহেদ ইকবাল (বাবু) বলেন, সরকারি শেরশাহ কলোনীর শেরশাহ দিঘী সংলগ্ন এলাকায় অবৈধভাবে লোকজন দখল করে ঘর নির্মাণ করে বসবাস করছেন। তিনি গণপূর্ত বিভাগ কর্তৃক এর প্রতিকারে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.২ ৭নং পশ্চিম ষোলশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ মোবারক আলী বলেন, আগামী ১৬ ডিসেম্বর / ২০২৩ এর আগে চট্টগ্রামের কেন্দ্রীয় শহিদ মিনার মহান বিজয় দিবসে সকলের জন্য উন্মুক্ত করে শ্রদ্ধা নিবেদন উপযোগী করা প্রয়োজন। তিনি প্রতিটি ওয়ার্ডে ২জন করে পেস্টম্যান নিয়োগ করার অনুরোধ জানান। তিনি বলেন, রেজিস্ট্রার আঞ্চলিক কার্যালয় হতে জন্ম নিবন্ধনের দৈনিক কোটা ৩৫জন করে দেওয়ায় ফলে জনগণের দ্রুত নিবন্ধন সনদ প্রাপ্তিতে অসুবিধার সৃষ্টি হবে। তিনি মৃত ব্যক্তির রেকর্ড সিটি কর্পোরেশনের রেজিস্ট্রারের মাধ্যমে সংরক্ষণ করা এবং গোরস্থান গুলোর উন্নয়নের উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

১.৩ ৮নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোরশেদ আলম জিইসি মোড়ের ফুটওভার ব্রীজটি চলমুখী করার অনুরোধ জানান। কর্ণফুলী মার্কেটের বাহিরে অবৈধ দোকান উচ্ছেদের বিষয়ে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। তিনি ২নং গেইট এলাকায় হকার উচ্ছেদের ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট থানাকে জানানোর জন্য পুলিশ কমিশনারের প্রতিনিধি-কে অনুরোধ জানান।

১.৪ ৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ জহুরুল আলম জসিম বলেন, সাধারণ সভায় জানানোর পরেও আকবরশাহ, ফুলশী এলাকায় উচ্ছেদের কোন উদ্যোগ নেয়া হয়নি। ব্যাটারি রিক্সা বন্ধে কার্যকর কোন উদ্যোগ পরিলক্ষিত হচ্ছে না।

১.৫ ১২নং সরাইপাড়া ওয়ার্ডের কাউন্সিলর জনাব মোঃ নুরুল আমিন, তাঁর ওয়ার্ডে দ্রুত ওয়াসার পাইপ লাইন পরিবর্তন করে জনগণের সুপেয় পানি পাওয়ার পথ সুগম করার জন্য সভার মাধ্যমে ওয়াসা কর্তৃপক্ষকে অনুরোধ পুনর্ব্যক্ত করেন।

১.৬. ১৪নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব আবুল হাসনাত মো. বেলাল নালার ভিতর দিয়ে বিভিন্ন গৃহে ওয়াসার পানি সংযোগ প্রদানের কারণে পানি নিষ্কাশনে বাধা সৃষ্টি হচ্ছে বিধায় তা সমাধানের অনুরোধ জানান। তিনি লালখান বাজার মোড়ের ফুটওভার ব্রীজটি চলমুখী করার জন্য সিডিএকে অনুরোধ জানান।

১.৭ ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ শহিদুল আলম চাক্তাই রোড থেকে খুনির পোল পর্যন্ত পাশাপাশি সড়ক সম্প্রসারণের অনুরোধ জানান। চকবাজার পৌর বাণিজ্য বিতানকে আয়বর্ধক প্রকল্পের অধীনে কমিউনিটি সেন্টার ও হাউজিং প্রকল্প গ্রহণ এবং চকবাজারের খোলা ডাস্টবিনটি সরানোর অনুরোধ জানান। তিনি ব্যাটারি চালিত রিক্সা, কিশোর গ্যাং, মাদক নিয়ন্ত্রণে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান।

১.৮. ১৮নং পূর্ব বাকলিয়া ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মুহ. হারুনুর রশিদ তাঁর ওয়ার্ডে পাঁচলাইশ আবাসিক এলাকায় জাতিসংঘ পার্ক নির্মাণ কাজ করতে গিয়ে বাহিরের ড্রেনসমূহ ভেঙে যাওয়ায় পানি নিষ্কাশিত হতে না পারায় উক্ত স্থানে জলাবদ্ধতা সৃষ্টি হওয়ার দরুন এলাকাবাসী সমস্যার সম্মুখীন হচ্ছে বিধায় এ বিষয়ে গণপূর্ত বিভাগকে কার্যকর ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানান। তিনি মেডিক্যাল হোস্টেলের সম্মুখ সড়কে খোলা নালায় পানি চলাচল না করায় উক্ত স্থানে সৌন্দর্যবর্ধনের প্রকল্প গ্রহণের জন্য অনুরোধ জানান।

১.৯ ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ ইলিয়াছ বলেন, তাঁর ওয়ার্ডে ব্রীজের নিচ দিয়ে ওয়াসা ও অন্যান্য সেবা সংস্থার পাইপ লাইনের কারণে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে। তিনি বিভিন্ন ওয়ার্ডে উন্নয়ন কাজ শুরু হওয়ায় মাননীয় মেয়রকে ধন্যবাদ জানান এবং কাউন্সিলরদের মতামতকে গুরুত্ব দিয়ে প্রায়োরিটি ভিত্তিতে সড়ক উন্নয়ন প্রকল্প সম্পন্ন করার অনুরোধ করেন।

১.১০. ২৯নং পশ্চিম মাদারবাড়ি ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব গোলাম মো. জোবায়ের মাননীয় প্রধানমন্ত্রী আগমন উপলক্ষে নগরীকে দৃষ্টিনন্দন ভাবে সাজানোর জন্য মাননীয় মেয়রকে অভিনন্দন জানান। তিনি বৈদ্যুতিক পোল যত্রতত্র পড়ে থাকা এবং এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের জন্য সংস্থাগুলোকে জরুরি ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন।

১.১১. ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোহাম্মদ আবদুল মান্নান ৩৭নং ওয়ার্ডে ওয়াসা কর্তৃক সুপেয় পানির ব্যবস্থা করার কোন পরিকল্পনা আছে কিনা তা ওয়াসা প্রতিনিধির নিকট জানতে চান।

১.১২. ৪১নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব ছালেহ আহমদ চৌধুরী পতেঙ্গায় বঙ্গবন্ধুর ভার্টিক্যাল ম্যুরাল স্থাপন ও জননেত্রী শেখ হাসিনা সড়ক দৃষ্টিনন্দনভাবে সজ্জিত করায় মেয়রের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন। তিনি ৩৭,৩৮,৩৯,৪০,৪১ নং ওয়ার্ডের ওয়াসা কর্তৃক সুপেয় পানির ব্যবস্থা করার জন্য পুনরায় অনুরোধ করেন।

১.১৩ চট্টগ্রাম ওয়াসার নির্বাহী প্রকৌশলী আবদুর রউফ বলেন, সুপেয় জল সরবরাহের সক্ষমতা বাড়াতে ওয়াসা সচেষ্ট আছে। চসিকের সাধারণ সভায় উত্থাপিত বিষয়গুলো দ্রুত সমাধানে ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করব। অনুমতি ছাড়া সড়ক কর্তনকারী ঠিকাদার ও গ্রাহকদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ইতোমধ্যে ফিরিঙ্গিবাজারসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পুরাতন কিছু ওয়াসার পাইপ নালা ও বক্স কালভার্টের ভিতর ছিল সেগুলো সরিয়ে নেয়া হচ্ছে। ৩৭নং

ওয়ার্ডে স্যুয়ারেজ প্রকল্পের জন্য স্থাপিত ডিপ টিউবওয়েল হতে সাধারণ জনগণের জন্য পানি প্রদানের ব্যবস্থা করা হবে। ৩৭ থেকে ৪১নং ওয়ার্ডে ওয়াসার পাইপ লাইন স্থাপনের জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে।

১.১৪ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন কর্মকর্তা জনাব জসীম উদ্দিন বলেন, ব্যাটারিচালিত রিক্সা চলার আবেদন আপিল বিভাগ থেকে বাতিল করা হয়েছে। ব্যাটারিচালিত রিক্সাগুলোকে সোলার রিক্সায় রূপান্তরিত করে গতিসীমা নিয়ন্ত্রণ পূর্বক লাইসেন্সের আওতায় আনলে সবারই উপকার হবে। পরিবেশের ও ক্ষতি হবে না।

১.১৫ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা কমান্ডার লতিফুল হক কাজমী ব্যাটারিচালিত রিকশাগুলোতে সর্বোচ্চ ২০ কিলোমিটার গতিবেগের নিয়ন্ত্রক সেন্সর ব্যবহারের পরামর্শ দেন।

১.১৬ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী জনাব রফিকুল ইসলাম বলেন, পে-পার্কিং এর বিষয়ে সিএমপির সাথে মিটিং হয়েছে। তারা আগ্রাবাদ বাণিজ্যিক এলাকা এবং ওয়াসা থেকে ২নং গেইট এলাকায় পে-পার্কিং করার জন্য গৃহীত উদ্যোগে সহমত প্রকাশ করেন। ব্যাটারিচালিত রিক্সাকে সোলারে রূপান্তরের বিষয়ে পুলিশ বিভাগ ঐক্যমত প্রকাশ করেন এবং তাদের সাথে অনুষ্ঠিত বৈঠকের কার্যবিবরণী পাঠানো হলে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানান।

১.১৭ চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের সহকারি পুলিশ কমিশনার মোহাম্মদ কাজী হুমায়ুন রশীদ, ২৮ অক্টোবর বিএনপি সন্ত্রাসীদের অতর্কিত আক্রমণে নিহত পুলিশ সদস্যের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বলেন, সকল সংস্থার সার্বিক সহযোগিতায় বর্তমানে চট্টগ্রাম একটি নিরাপদ নগরী হিসাবে পরিণত হয়েছে। পে-পার্কিং এর বিষয়ে সিএমপির সাথে সমন্বয় সভা করা উচিত। ব্যাটারি রিক্সা বিষয়ে জিরো টলারেন্স নীতি অবলম্বন করে আন্তরিকভাবে কাজ করা হচ্ছে।

১.১৮ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব জনাব খালেদ মাহমুদ জন্ম নিবন্ধন কার্যক্রম সফলভাবে সম্পন্ন করার ফলে সরকার কর্তৃক পুরস্কৃত হওয়ায় সম্মানিত কাউন্সিলরদের ধন্যবাদ জানান। তিনি দেশব্যাপি জন্ম নিবন্ধন সম্পর্কিত সৃষ্ট জটিলতা নিরসনে কেন্দ্রিয়ভাবে পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে মর্মে সভাকে অবহিত করেন।

১.১৯. সম্মানিত সভাপতি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী তাঁর বক্তব্যের শুরুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কর্মকর্তা, প্যানেল মেয়র, কাউন্সিলর ও অন্যান্য সংস্থা থেকে উপস্থিত অতিথিবৃন্দকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

বক্তব্যের শুরুতে সভাপতি বলেন, বিদেশি শক্তির পাঁয়তারায় শান্তিপূর্ণ সমাবেশের নাম দিয়ে আইন শৃঙ্খলা বাহিনীর উপর আক্রমণ করে একজন পুলিশ সদস্যকে নির্মমভাবে হত্যা করা হয়েছে, প্রধান বিচারপতির বাসায় আক্রমণ করা হয়েছে। আমি এর তীব্র নিন্দা ব্যক্ত করছি।

নগরীর গুরুত্বপূর্ণ স্থানে হকারদের অবস্থানে উদ্বেগ প্রকাশ করে সভাপতি বলেন, হকার সবসময় ছিল। কিন্তু এখন এমন একটা অবস্থা সৃষ্টি হয়েছে যেন ফুটপাতগুলো টাইলস করে দেয়াই হয়েছে তাদের ব্যবসা করার জন্য। আর রাস্তায় ভ্যানগাড়ির কারণে প্রচণ্ড জ্যাম হচ্ছে। হকারদের জন্য শিক্ষার্থীরা, বিশেষ করে মেয়েরা স্কুলেও প্রবেশ করতে পারে না। অনেকে হকার পুনর্বাসনের কথা বলেন। পূর্বে হকার পুনর্বাসন কোন সুফল বয়ে আনেনি। এর আগে হকারদের জহুর হকার মার্কেটে পুনর্বাসন করা হয়। কিন্তু দোকান বরাদ্দ পেয়েই অনেকে দোকান বিক্রি করে আবারো ফুটপাত দখল করে ব্যবসা শুরু করেন। এক্ষেত্রে, শুক্র ও শনিবার আগ্রাবাদসহ বিভিন্ন এলাকায় উপযুক্ত স্থানে হলিডে মার্কেট চালু করা প্রয়োজন।

পে-পার্কিং বিষয়ে সভাপতি বলেন, বেশ কিছু বড় মার্কেট কাস্টমারদের পার্কিং ব্যবহার করতে না দেয়ায় গাড়ি রাস্তায় পার্কিং করায় প্রচণ্ড জ্যাম হচ্ছে। ট্রাফিক বিভাগ ও চসিকের সংশ্লিষ্ট কর্মকর্তাদের এসব মার্কেটের কর্তৃপক্ষকে আইনের আওতায় আনতে হবে। ইতোমধ্যে ডিসি ট্রাফিক আমার সাথে দেখা করেছেন। আমরা ঠিক করেছি চসিক ও ট্রাফিক বিভাগ একসাথে পে-পার্কিং বাস্তবায়নে কাজ করবো এবং নগরীর ট্রাফিক ব্যবস্থাপনাকে ঢেলে সাজাবো।

ব্যাটারিচালিত রিকশা প্রসঙ্গে সভাপতি বলেন, ব্যাটারিচালিত রিকশা এখন আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। এগুলোর ব্রেক অত শক্তিশালী না, আবার ছোট বাচ্চারাও চালায় অনেক সময়। সাথে বিদ্যুৎ চুরি ও অপচয়ের বিষয়টিতো আছেই। এজন্য সোলার রিকশা চালু করতে হবে। আমাদের অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স প্রদানের কার্যক্রম চলছে, এটি শেষ হলে ব্যাটারিচালিত রিকশা নিয়ন্ত্রণে আইনি কোন বাধা আছে কিনা তা আমরা পর্যালোচনা করে অন্যান্য সংস্থার সাথে মিলে এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করব। প্রয়োজনে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। যে ব্যাটারিচালিত রিকশাগুলো আছে সেগুলোকে গতি নিয়ন্ত্রক সেন্সরের মাধ্যমে সোলারচালিত হিসেবে রূপান্তর করে দিতে হবে। তবে, সোলার রিকশা চালু করলেও অল্প কিছু এলাকা ছাড়া মূল সড়কে এই রিকশাকে উঠতে দেয়া যাবেনা। প্রয়োজনে ব্যাটারি চালিত রিকশার জন্যও লাইসেন্স চালু করতে হবে যাতে অপ্রাপ্তবয়স্করা এসব না চালাতে পারে।

সুপেয় জলের ব্যবস্থা করতে ওয়াসার প্রতি আহবান জানিয়ে সভাপতি বলেন, পতেঙ্গা এলাকায় লবনাক্ততার জন্য পানি খাওয়াতো দূরে থাক, সে পানি দিয়ে গোসলও করা যাচ্ছেনা। আবার এককথায় সুপেয় পানির উৎস পুকুর-দীঘীগুলোও নেই। এজন্য ওয়াসাকে জলবায়ু পরিবর্তন ও নগরীতে দ্রুত জনসংখ্যা বৃদ্ধির বিষয়টি মাথায় রেখে সুপেয় পানি সরবরাহের সক্ষমতা বাড়াতে হবে।

কাউন্সিলরদের উদ্দেশ্যে সভাপতি বলেন, আপনাদের এলাকায় যেসব নালা-কালভার্টের নীচে ওয়াসা-টিএন্ডটিসহ বিভিন্ন সংস্থার পাইপ দিয়ে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে সেগুলো চিহ্নিত করে ওয়াসাসহ সংশ্লিষ্ট দপ্তরের সাথে যোগাযোগ করে সেগুলো অপসারণ করুন। উন্নয়ন কাজের গুনগত মান বজায় রেখে সঠিকভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা কাউন্সিলরদের নিবিড়ভাবে তদারকি করতে হবে, উন্নয়ন কার্যে জনগণকে সম্পৃক্ত করতে হবে এবং প্রকৌশল বিভাগকে প্রকল্পের ওয়ার্ড ভিত্তিক সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রদর্শন করাতে হবে। প্রকৌশল বিভাগের উদ্দেশে সভাপতি বলেন, চলমান শুষ্ক মৌসুমের মধ্যে ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজ সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে লেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার আহবান করে সংস্কারের ব্যবস্থা করতে হবে। ডেঙ্গু নিয়ন্ত্রণে চলমান কার্যক্রম প্রসঙ্গে সভাপতি বলেন, মশক নিধনের পর্যাপ্ত ঔষধ ক্রয় করা হয়েছে, বাড়ানো হচ্ছে জনবল। শুষ্ক মৌসুমে ৬ মাস কাজ করলে আগামী বছর ভাল ফল পাওয়ার আশা করা যায়।

বিদ্যুৎ বিভাগের উদ্দেশে সভাপতি বলেন, চসিকের কাঁচাবাজারে দ্রুত বিদ্যুৎ সংযোগ দিতে হবে প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বালাতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।

চট্টগ্রামের অন্য সেবা সংস্থাগুলোকে ধন্যবাদ জানিয়ে সভাপতি বলেন, প্রধানমন্ত্রীর টানেল উদ্বোধনকে কেন্দ্র করে বিভিন্ন সংস্থার যেসব প্রতিনিধি এসেছেন তারা অনেকে চট্টগ্রামের উন্নয়ন দেখে অবাক হয়ে গেছেন। বিশেষ করে সড়ক নির্মাণ, আলোকায়ন ও সৌন্দর্যবর্ধনের জন্য চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রশংসা কুড়িয়েছে। এটা সম্ভব হয়েছে অন্য সংগঠনগুলোর সহযোগিতার কারণে।

সভাপতি বলেন, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত 'স্মার্ট বাংলাদেশ' গড়ার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশনসহ সেবা সংস্থাগুলোকে সাথে নিয়ে চসিকের সেবা মান বাড়িয়ে চট্টগ্রামকে জলাবদ্ধতা ও যানজট মুক্ত, পরিচ্ছন্ন, তিলোত্তমা নগরী হিসেবে পরিণত করতে সকলের সহযোগিতা কামনা করছি।

উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

আলোচ্যসূচি ০১ ঃ গত ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রি তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| সভাপতির অনুমতিক্রমে বিগত ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা সভায় উপস্থাপন করেন এবং তা অনুমোদনের বিষয়ে আলোচনা হয়। | কোনরূপ সংশোধন বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩২তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০২ ঃ গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন ও পর্যালোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন অত্র সিটি কর্পোরেশনের সচিব সভায় উপস্থাপন করেন। সভায় বিগত সভার সিদ্ধান্তের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিগত সাধারণ সভার অবাস্তবায়িত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ১। সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। বিভাগীয় প্রধান (সকল)<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

আলোচ্যসূচি ০৩ ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন এলাকা ভুক্ত সংস্থাসমূহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভিন্ন বিভাগ, স্থায়ী কমিটির গৃহিত সিদ্ধান্ত, বিগত সভাসমূহের গৃহিত গুরুত্বপূর্ণ অবাস্তবায়িত সিদ্ধান্তের বিষয়ে আলোচনা।

৩.১: সংস্থা ভিত্তিক আলোচনার প্রেক্ষিতে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পিডিবি'র বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়। | ১। যত্রতত্র পড়ে থাকা বৈদ্যুতিক পোলসমূহ ১৫ দিনের মধ্যে সরানোর ব্যবস্থা করতে হবে।<br>২। চসিকের প্রধান কার্যালয়ের সড়কে বৈদ্যুতিক খুঁটির কারণে যানবাহন চলাচল ও লালখান বাজারে নালার ভিতরে বৈদ্যুতিক খুঁটি স্থাপনের কারণে পানি নিষ্কাশনের অসুবিধা হচ্ছে বিধায় খুঁটিগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। ব্যাটারিচালিত রিক্সার কারণে বিদ্যুতের অপচয় হচ্ছে বিধায় চার্জিং পয়েন্টে অভিযান পরিচালনার মাধ্যমে বিদ্যুৎ অপচয় রোধে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। ক) প্রধান প্রকৌশলী বিদ্যুৎ উন্নয়ন বোর্ড চট্টগ্রাম।<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>গ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন।<br>ঘ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন। | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ওয়াসা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। পশ্চিম মাদারবাড়িসহ বিভিন্ন এলাকায় ওয়াসার পাইপ লাইনের লিকেজ মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। ১২নং ওয়ার্ডে সুপেয় পানি পাওয়ার জন্য দ্রুত পাইপ লাইন পরিবর্তনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩ নালা ও বক্স কালভার্টের ভিতর দিয়ে বসানো ওয়াসার পাইপগুলো সরানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। ৩৭, ৩৮, ৩৯, ৪০, ৪১ নং উপকূলীয় ওয়ার্ড সমূহে সুপেয় পানি সরবরাহের জন্য জরুরী ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রাম ওয়াসা<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের এর সহযোগিতা গ্রহণের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। শহরের উপযুক্ত স্থানে পে পার্কিং চালু করনের জন্য চসিক ও পুলিশ বিভাগের সভার সিদ্ধান্তগুলো দ্রুত বাস্তবায়নের মাধ্যমে পে-পার্কিং চালুর ব্যবস্থা করতে হবে<br>২। আন্দরকিল্লা, আকবর শাহমাজার রোড, খুলশী ও কয়েজ লেকের মতো পর্যটন এলাকায় রাস্তায় যততত্র যেন হকার বসতে না পারে সেজন্য দায়িত্ব পালনকারী সংস্থা হিসেবে ট্রাফিক বিভাগকে ও স্থানীয় থানা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৩। আকবর শাহ এলাকায় মাদক বিক্রেতাদের দৌরাত্ম, অতিমাত্রায় বৃদ্ধি পাওয়ায় সাধারন জনগণের নিরাপত্তা রক্ষার্থে এ বিষয়ে জরুরি ভিত্তিতে পুলিশ প্রশাসন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>৪। বাকলিয়া, আমানত শাহ মাজার, কোর্ট বিল্ডিংসহ বিভিন্নস্থানে ব্যাটারিচালিত রিক্সা নিয়ন্ত্রণের বিষয়ে সিএমপির ট্রাফিক বিভাগকে জরুরিভিত্তিতে কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানো হয়। | ১। ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২-৪ ক) কমিশনার চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের বিষয়ে আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। সিডিএ ভবনের / মার্কেটের নকশা অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার রাস্তার প্রশস্থতা, রাস্তা ফুটপাত থেকে ভবনের দূরত্ব, পয়োনিষ্কাশন ব্যবস্থা, ড্রেনেজ পার্কিং ব্যবস্থাসহ সার্বিক পরিবেশ বিবেচনায় নিয়ে অনুমোদনের ব্যবস্থা করতে হবে<br>২. জলাবদ্ধতা নিরসণ প্রকল্পের আওতায় ডুলাতলী খালে যেমন আগ্রা কার্পেটের মতো নিম্নাঞ্চলে ১০০ মিটারের মধ্যে দুটি সিল্টট্রাপ স্থাপিত হলে কোন সুফল আসবেনা। সিল্টট্রাপগুলো স্ট্যান্ডার্ড মেডিক্যাল, পলিটেকনিকের মতো এলাকায় স্থাপন করলে ঐ স্থানেই পাহাড়ের বালি, মাটি আটকানোর মাধ্যমে অধিক সুফল পাওয়া যাবে বিধায় এ বিষয়ে সিডিএ কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১-২. । ক) চেয়ারম্যান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |

| | | | |
|---|---|---|---|
| | ৩। পশ্চিম বাকলিয়া মৌসুমী আবাসিকে রাস্তার পার্শে নির্মিত ড্রেনের স্ল্যাব না সরানোর ফলে পানি নিষ্কাশনে অসুবিধা হচ্ছে বিধায় তা সরানোর জন্য সিডিএকে অনুরোধ জানানো হয়।<br>৪। সিডিএ কর্তৃক ভবনের নকশা অনুমোদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট এলাকার রাস্তার প্রশস্ততা, রাস্তা ও ফুটপাত থেকে ভবনের দূরত্ব, পয়োঃনিষ্কাশন ব্যবস্থা, ড্রেনেজ ব্যবস্থাসহ সার্বিক বিষয় বিবেচনায় নিয়ে অনুমোদনের ব্যবস্থা করতে হবে।(১৯ নংসহ বিভিন্ন ওয়ার্ডের প্রেক্ষিত বিবেচনায়)<br>৫। সিডিএ জলাবদ্ধতা নিরসন প্রকল্পের আওতায় কোতোয়ালী থানের স্লুইসের মুখ থেকে কবি নজরুল ইসলাম সড়ক পর্যন্ত নালার উপর স্ল্যাবের মাধ্যমে সৃষ্ট রাস্তাটি অন্ধকারাচ্ছন্ন থাকায় উক্ত জায়গায় মাদক ব্যবসা ও বখাটেদের উপদ্রব বৃদ্ধি পেয়েছে বিধায় এ সড়কটিতে আলোকায়নে সিডিএ কর্তৃপক্ষকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬। নগরীর বায়েজীদ শহর সড়ক সংস্কার,বায়েজীদ লিংক রোড সংলগ্ন পাহাড় টেকসইভাবে সুরক্ষার ব্যবস্থা এবং কাজ সমাপ্ত করে চসিককে বুঝিয়ে দিতে অনুরোধ জানানো হয়।<br>৭। সিডিএ কর্তৃক বাস্তবায়িত প্রকল্পে চাক্তাই খাল, হিজরা খাল, মির্জা খাল, মহেশ খালসহ বিভিন্ন খালের মাটি পরিপূর্ণ উত্তোলনের কাজ চলমান শুষ্ক মৌসুমের মধ্যে সম্পন্ন করে জলাবদ্ধতা নিরসনে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং গত বছর অনুষ্ঠিত সমন্বয় সভার সিদ্ধান্তনুযায়ী প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্নের জন্য স্থানীয় কাউন্সিলরদের সাথে নিয়মিত সমন্বয় সাধন করতে হবে। | | |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় চট্টগ্রাম জেলা প্রশাসন বিষয়ে আলোচনান্তে পার্শোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। জেলা প্রশাসন ক্রমবর্ধমান ডেঙ্গুর প্রকোপ হ্রাসে এডিস মশার লার্ভা নিধনে ও জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মোবাইল কোর্ট পরিচালনার ব্যবস্থা গ্রহণ করবেন।<br>২। জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে খননকৃত বারইপাড়া খালের ভূমি সংক্রান্ত অবশিষ্ট ১টি এলএ মামলার নিষ্পত্তিকরণে এলএ শাখা দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন। | জেলা প্রশাসক চট্টগ্রাম | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় স্বাস্থ্য অধিদপ্তরের বিষয়ে আলোচনান্তে পার্শোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। ডেঙ্গু মশা নিয়ন্ত্রণে স্বাস্থ্য বিভাগের নির্ধারিত কার্যকর মশার ঔষধের (এডালটিসাইড ও লার্ভিসাইড) নামসমূহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে প্রেরণের অনুরোধ জানানো হয়।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্বাস্থ্যসেবা রিপোর্টগুলো MIS সিস্টেমে প্রেরণের জন্য স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধির প্রয়োজনীয় সহযোগিতা দিবেন।<br>৩। ডেঙ্গু দমনে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারণ করবেন। স্বাস্থ্য অধিদপ্তর চসিককে একাজে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন। | ১। পরিচালক স্বাস্থ্য অধিদপ্তর, চট্টগ্রাম<br>২। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৩১তম সাধারণ সভার সিদ্ধান্ত |
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় গণপূর্ত অধিদপ্তরের বিষয়ে আলোচনান্তে পার্শোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। জাতিসংঘ পার্কের উন্নয়নের কাজের জন্য ঐ স্থানের নালা নর্দমাগুলো ভেঙ্গে ফেলায় সংশ্লিষ্ট এলাকার জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে বিধায় এ বিষয়ে জরুরী ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>২। আগামী ১৬ ডিসেম্বর / ২০২৩ এর আগে চট্টগ্রামের কেন্দ্রিয় শহিদ মিনার মহান বিজয় দিবসে সকলের জন্য উন্মুক্ত করে শ্রদ্ধা নিবেদন উপযোগী করার | তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত অধিদপ্তর | |

| | | | |
|---|---|---|---|
| | ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। ২নং ওয়ার্ডের সরকারি শেরশাহ কলোনীর শেরশাহ দিঘী ভরাট করে অবৈধভাবে ঘর নির্মাণ করে লোকজন বসবাস করছে। গণপূর্ত বিভাগ এর প্রতিকারে ব্যবস্থা গ্রহণ করবেন। | | |

<u>৩:২ঃ প্রকৌশল বিভাগ</u>

<u>৩:২.১ঃ প্রকৌশল বিভাগ(পুরকৌশল শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়ঃ</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ (পুরকৌশল শাখা) সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। চলমান শুষ্ক মৌসুমের মধ্যে ২৫০০ কোটি টাকার প্রকল্পের টেন্ডারকৃত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। যেসব ওয়ার্ডে ড্রেইন, রাস্তা সংস্কার প্রয়োজন তা দ্রুত টেন্ডার আহবান করে সংস্কারের ব্যবস্থা করতে হবে।<br>২। লালখান বাজারের প্রস্তাবিত ফুটওভার ব্রিজটি চারদিক থেকে ব্যবহারের লক্ষ্যে চর্তুমুখি ওভারব্রিজ স্থাপনের ব্যবস্থা গ্রহনের সিডিএ বরাবর পত্র প্রেরণ করতে হবে।<br>৩। জিইসি মোড়ের প্রস্তাবিত ফ্লাইওভার ডিজাইন পরিবর্তন করে চর্তুমুখি করে করতে হবে।<br>৪। চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃক বিভিন্ন প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রতিটি ওয়ার্ডে রাস্তা, ব্রীজ, কালভার্ট, ফুটপাত, ওভারব্রীজসহ চলমান উন্নয়ন কাজ কার্যাদেশ অনুযায়ী যথাযথ বাস্তবায়ন হচ্ছে কিনা তা নিয়মিত স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলর কর্তৃক এলাকাবাসীকে সম্পৃক্ত করে তদারকি নিশ্চিতকরতে হবে। প্রকৌশল বিভাগকে প্রকল্পের কার্যাদেশ সংশ্লিষ্ট কাউন্সিলরদের প্রদর্শন করতে হবে।<br>৫। চসিকের যেসব উন্নয়ন প্রকল্প চলমান আছে প্রত্যেকটিতে সাইন বোর্ড লাগিয়ে রাখতে হবে।<br>৬। বায়েজীদ থেকে অক্সিজেন রোড, বহদ্দারহাট থেকে টান মিয়া সওদাগর রোড, দক্ষিণ কাট্টলী ওয়ার্ডের সড়কসহ যে সব খানাখন্দে ভর্তি সড়কে চলাচলের উপযোগিতা নেই তা জরুরিভিত্তিতে সংস্কারের ব্যবস্থা গ্রহন করতে হবে।<br>৭। চসিকের গৃহিত ও চলমান উন্নয়ন প্রকল্পের সংখ্যা, বাস্তবায়নের সময়সীমা উল্লেখপূর্বক সুস্পষ্ট তথ্য উপাত্ত তালিকা আকারে উপস্থাপন করতে হবে।<br>৮। ১১ ও ১২ ওয়ার্ডের মাঝখানে অবস্থিত পিসি রোডে দ্রুত গতিতে যানবাহন চলাচলের কারণে সাধারণ জনগন ও সরাইপাড়া স্কুল কলেজগামী ছাত্রছাত্রীর রাস্তা পারাপার কঠিন হয়ে পড়েছে বিধায় উক্ত স্থানে একটি ফুটওভার ব্রীজ করার সম্ভাব্যতা যাচাই করে ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং আপাতত এ স্থানে ট্রাফিক পুলিশের মাধ্যমে বা গতিরোধক স্থাপন করে হলেও পথচারীর নির্বিঘ্ন পারাপার নিশ্চিত করতে হবে।<br>৯। গত বছর প্রকৌশল বিভাগ (সিভিল) কর্তৃক আউটসোর্সিং ভিত্তিতে নালা নর্দমার কি পরিমান মাটি উত্তোলন করা হয়েছে তার প্রতিবেদন প্রদান করতে হবে।<br>১০। জনগণের নির্বিঘ্ন চলাচলে যাতে সমস্যা না হয় সেজন্য বিপদজনক ও ঝুঁকিপূর্ণ খালের গাইডওয়াল, নালার উপর স্ল্যাব, প্রতিবন্ধকসহ সকল সড়কের নির্মাণ ও মেরামত কাজ শেষ করতে হবে। যেসব ঝুঁকিপূর্ণ খাল-নালার উপর স্ল্যাব নির্মাণ সম্ভবনয় সে স্থানে সতর্কীকরণ/নির্দেশক চিহ্ন অথবা ব্যারিয়ার স্থাপন করতে হবে। প্রকৌশল বিভাগ জরুরীভিত্তিতে মৌসুমওয়ারী এ কার্যক্রম সম্পন্ন করবেন এবং সম্পাদিত কাজের অগ্রগতি সুস্পষ্টভাবে তালিকা আকারে প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করবেন। | ১-৩।<br>প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি<br>কর্পোরেশন<br>৪ ক) সম্মানিত<br>কাউন্সিলর চট্টগ্রাম<br>সিটি কর্পোরেশন<br>প্রধান প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি<br>কর্পোরেশন<br>৫-১৩ ক)প্রধান<br>প্রকৌশলী<br>চট্টগ্রাম সিটি<br>কর্পোরেশন<br>খ) প্রকল্প পরিচালক<br>চট্টগ্রাম সিটি<br>কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | ১১ বোয়ালখালী খাদ্যখনন প্রকল্পের এলএ শাখা কর্তৃক প্রাপ্ত ভূমিতে প্রকল্পের মেয়াদের মধ্যে খনন ও গাইডওয়াল নির্মাণ কাজ সম্পন্ন করাতে হবে এবং এক্ষেত্রে কোন অবস্থাতেই নির্দিষ্ট সময়সীমা অতিক্রম করা যাবে না। কাজের দৈর্ঘ্য অনুযায়ী কতটুকু ভৌত অগ্রগতি সম্পন্ন হয়েছে তা সাধারণ সভায় সুনির্দিষ্টভাবে উপস্থাপন করতে হবে বাকী একটি এলএ মামলা দ্রুত নিষ্পত্তির জন্য সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করতে হবে।<br>১২। সেবকহলোনী নির্মাণ প্রকল্পের অধীনে নির্মিত ভবনসমূহের প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পাদিত কাজের পরিমাণ সুস্পষ্টভাবে সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>১৩। বাস-ট্রাক টার্মিনাল নির্মাণ প্রকল্পের পরিকল্পনা অনুযায়ী মাসওয়ারী কতটুকু কাজ সম্পন্ন হয়েছে তার ভৌত ও আর্থিক অগ্রগতি চার্ট আকারে সুনির্দিষ্টভাবে প্রতি সাধারণ সভায় উপস্থাপন করতে হবে। | | |

প্রকৌশল বিভাগ (যান্ত্রিক শাখা)

৩:২:২ যান্ত্রিক শাখা সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| ব্যাটারিচালিত রিক্সা সম্পর্কিত সংশ্লিষ্ট বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। সোলারে রূপান্তরকারী এজেন্সির মাধ্যমে ব্যাটারি চালিত রিক্সা সমূহ সোলারে রূপান্তরিত করে লাইসেন্স প্রদানের মাধ্যমে গাড়িগুলো সংখ্যা নিয়ন্ত্রণ করতে হবে। দুর্ঘটনারোধে স্পিড ব্রেকার স্থাপনের মাধ্যমে গতি নিয়ন্ত্রণ করতে হবে এবং গাড়িগুলো যত্রতত্র চলাচল নিয়ন্ত্রণ করতে হবে ওয়ার্ড ওয়ারী আলাদা আলাদাভাবে ড্রেসের ব্যবস্থা করতে হবে।<br>২ যান্ত্রিকের প্রয়োজনীয় ডাম্প ট্রাক, লং বোম চেইন ডুজারসহ প্রয়োজনীয় ইকুইপমেন্ট ২৫০০কোটি টাকার প্রকল্পের বরাদ্দ অনুযায়ী টেন্ডারের মাধ্যমে দ্রুত ক্রয়ের ব্যবস্থা করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাবধায়ক প্রকৌশলী(যান্ত্রিক) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা)

৩:২:৩ঃ প্রকৌশল বিভাগ (বিদ্যুৎ শাখা) সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহিত হয়:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় প্রকৌশল বিভাগের বিদ্যুৎ শাখা সম্পর্কিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১ চকবাজার কাঁচাবাজারে দ্রুত বিদ্যুৎ সংযোগ দিতে হবে।<br>২ প্রতিটি ওয়ার্ডের প্রতিটি পোলে বিদ্যুৎ বাতি জ্বালাতে হবে। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট সুপারভাইজারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩ নগরীর প্রতিটি ওয়ার্ডে লাইট, শেড তারসহ প্রয়োজনীয় মালামাল সরবরাহ করে আলোকায়ন নিশ্চিত করতে হবে। এই সংক্রান্ত অগ্রগতি প্রতিবেদন মেয়র বরাবর দাখিল করতে হবে।<br>৪। এলজিইডির মাধ্যমে বাস্তবায়নাধীন এলইডি প্রকল্পের টেন্ডার কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | ক) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) তত্ত্বাঃ প্রকৌশলী(ভাঃ) (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

### ৩.২.৪ঃ প্রকৌশল বিভাগের দরপত্র কমিটির সভার কার্যবিবরণী অনুমোদন ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক গত ০৪/১০/২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রকৌশল বিভাগ কর্তৃক ০৪-১০-২০২৩খ্রিঃ তারিখে অনুষ্ঠিত দরপত্র কমিটির সভার কার্যবিবরণী সাধারণ সভায় অনুমোদন করা হয় এবং পিপিআর ও সরকারী নিয়মনীতি অনুসরনে যথাযথ মান বজায় রেখে যথাসময়ে কাজগুলো সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) প্রধান প্রকৌশলী চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

### ৩.৩ঃ রাজস্ব বিভাগ

৩.৩.১ঃ রাজস্ব বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের গৃহিত সিদ্ধান্ত ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় রাজস্ব বিভাগের কার্যক্রমে স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নে এবং রাজস্ব আদায় বৃদ্ধিতে আরো সচেষ্ট হওয়া সহ সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১.অংশীদারিত্বের মাধ্যমে আয়বর্ধক প্রকল্প গ্রহনের জন্য মন্ত্রণালয়ে প্রেরিত নীতিমালা অনুমোদনের ব্যবস্থা করতে হবে।<br>২. হকারদের পুর্নবাসনে প্রয়োজনে হকার্স মার্কেট এর বিষয়টি বিবেচনা করতে হবে।<br>৩. ই-রেভেনিউ পদ্ধতিতে শতভাগ রাজস্ব আদায়ের প্রক্রিয়া বাস্তবায়নের কার্যক্রম দ্রুত শুরু করতে হবে এবং এ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে মাসওয়ারি আদায় প্রতিবেদন সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৪. সিটি ডেভেলপমেন্ট চার্জের বিষয়ে শীঘ্রই বন্দরকে পত্র প্রদানের ব্যবস্থা করতে হবে।<br>৫. বহদ্দারহাট মার্কেটের অফিসটি স্থানান্তরের জন্য প্রকৌশল বিভাগের মাধ্যমে প্রকল্প উপস্থাপনের করতে হবে।<br>৬. কাষ্টমস এর বিল অব এন্ট্রি থেকে নির্দিষ্ট ফি আদায়ের জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৭. অননুমোদিত স্থাপনাসমূহ থেকে রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা ও মাসওয়ারী আদায় সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।<br>৮. জিইসি মোড়ের চসিকের মালিকানাধীন বিল্ডিং সম্পর্কে সংশ্লিষ্টদের থেকে লিখিত ব্যাখ্যা পাওয়ার পর বর্তমান রেইট বা যথাযথ প্রক্রিয়া অনুসরণ করে সর্বাধিক দিলে সিদ্ধান্ত নিয়ে তা বরাদ্দ প্রদান করতে হবে।<br>৯. সরকারি নির্দেশনা মোতাবেক বিভিন্ন কমিউনিটি সেন্টারে জেয়াফত, মেজবান, বিবাহসহ বিভিন্ন অনুষ্ঠানে আগত অতিথিদের ভোজন কর নির্ধারণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) প্রধান রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) রাজস্ব কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

### ৩.৪ঃ পরিচ্ছন্নতা বিভাগ

৩.৪.১ঃ পরিচ্ছন্নতা বিভাগ সম্পর্কিত সভায় আলোচনার প্রেক্ষিতে নিম্নের সিদ্ধান্ত গৃহীত হয়

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় পরিচ্ছন্নতা বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত | ১। মশক নিধনে গতিশীলতা আনয়নে প্রতি ওয়ার্ডে ২ জন স্প্রেম্যান নিয়োগের ব্যবস্থা করতে হবে।<br>২। ওয়ার্ডে পরিচ্ছন্নতা কাজ যথাযথভাবে সম্পাদন করার যেসব জোন প্রধান,সুপারভাইজার দায়িত্ব পালনে গাফিলতি করছে ওয়ার্ডের কাউন্সিলরদের প্রতিবেদনের ভিত্তিতে তাদের বিরুদ্ধে অবিলম্বে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>২। প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। ক)সম্মানিত কাউন্সিলর চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ৩। আসন্ন শীত মৌসুমের আগে আরও মশক নিধনের ওষুধ মজুদ করে রাখতে হবে। স্প্রেম্যানদের নিয়মিত স্প্রে ও ফগিং কার্যক্রম কাউন্সিলরদের তদারকি করতে হবে।<br>৪। ডেঙ্গু প্রতিরোধে সকলকে সচেতনতা বৃদ্ধি করতে হবে এবং এডিস মশা জন্মায় এমন স্থানসমূহে আরো অধিক পরিমাণে মশক নিধন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>৫। ডেঙ্গু দমনে স্বাস্থ্য অধিদপ্তরের কীটতত্ত্ববিদের সাথে চসিকের মশক নিধন কর্মকর্তা নিয়মিত সমন্বয়ের মাধ্যমে সঠিক কর্মপন্থা নির্ধারণ করবেন। | খ) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৪,৫ ক) প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) ম্যালেরিয়া ও মশক নিধন কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

<u>৩.৫.১ সচিবালয় বিভাগ সম্পর্কিত আলোচনার প্রেক্ষিতে গৃহীত সিদ্ধান্ত :</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় সচিবালয় বিভাগের বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহিত হয়। | ১। ওয়ার্ড ওয়ারী ড্রেনের ভিতর ওয়াসা, গ্যাস, টিএন্ডটিসহ বিভিন্ন সংস্থা স্থাপিত পাইপ লাইনের তালিকা তৈরী করে সচিবালয় বিভাগে প্রেরণ করতে হবে।<br>২। চসিক সাধারণ সভায় অংশগ্রহণের জন্য বিভিন্ন সংস্থার একজন করে উপযুক্ত প্রতিনিধি ও একজন বিকল্প প্রতিনিধির নামের তালিকা উল্লেখ করে চসিক সচিবালয় বরাবর প্রেরণের জন্য সংস্থা প্রধানদের পত্র দিতে হবে।<br>৩। কার/ মোটরসাইকেল ঋণ প্রদানের ক্ষেত্রে সরকারি/ স্বায়ত্তশাসিত বিভিন্ন নীতিমালা পর্যালোচনা করে যুগোপযোগী নীতিমালা প্রণয়নে কমিটি গঠন করতে হবে।<br>৪। প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে আউটসোর্সিং এর মাধ্যমে প্রকৌশলী / উপ-সহকারী প্রকৌশলী নিয়োগের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | ক) প্রধান নির্বাহী কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ) সচিব চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

<u>৩.৬.১ ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত</u>

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারণ সভায় ম্যাজিস্ট্রেট শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। ব্যাটারি চালিত রিক্সা নিয়ন্ত্রণে গাড়িগুলোর শোরুম ও রাস্তায় মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।<br>২। মশার প্রজননক্ষেত্র ধ্বংসে, নালায় ফেলানো রোধে, অবৈধ স্থাপনা উচ্ছেদে, ফুটপাত দখলমুক্তকরণে ম্যাজিস্ট্রেট শাখা কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান আদালতের কার্যক্রম আরো জোরদার করতে হবে।<br>৩। রাস্তা/ নালার উপর ময়লা আবর্জনা ফেললে জরিমানার আওতায় আনতে হবে এবং অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে। | নির্বাহী ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | বিগত সভাসমূহে গৃহিত সিদ্ধান্ত |

৩.৭.১:নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত আলোচনার মাধ্যমে গৃহিত সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাধারন সভায় নগর পরিকল্পনা শাখা সম্পর্কিত বিস্তারিত আলোচনান্তে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। সৌন্দর্যবর্ধনের জন্য মন্ত্রণালয়ে প্রেরিত সৌন্দর্যবর্ধন নীতিমালা দ্রুত অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নগর পরিকল্পনাবিদ চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৮ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৬-১০-২০২৩খ্রিঃ আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির ৪র্থ সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে মাদক, সন্ত্রাস, ইভটিজিং প্রতিরোধে আইন শৃঙ্খলা বিষয়ে নগরবাসীকে উদ্বুদ্ধ করার লক্ষ্যে প্রতি ওয়ার্ডে কাউন্সিলরের নেতৃত্বে ও সংরক্ষিত কাউন্সিলরসহ বিভিন্ন শ্রেণী পেশার ব্যক্তিবর্গের সমন্বয়ে ওয়ার্ড কমিটি গঠন পূর্বক মাননীয় মেয়র এর উপস্থিতিতে পর্যায়ক্রমে প্রতিটি ওয়ার্ডে সভা করার ব্যবস্থা করতে হবে।<br>২। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটির কার্যপরিধির আলোকে সিটি কর্পোরেশন এলাকার নাগরিকদের নিরাপত্তা ও আইন শৃঙ্খলা রক্ষার কাজে সিটি কর্পোরেশনের সকল বিভাগকে সক্রিয় করার লক্ষ্যে সিটি কর্পোরেশনের সকল কাউন্সিলর, আইন শৃঙ্খলা বাহিনীর প্রতিনিধি সহ মাননীয় মেয়র এর উপস্থিতিতে সভা করার বিষয়ে প্রস্তাব করা হয়। | ক সভাপতি আইন শৃঙ্খলা বিষয়ক স্থায়ী কমিটি চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>খ। সম্মানিত কাউন্সিলর(সকল) চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>গ।নির্বাহি ম্যাজিস্ট্রেট চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

৩.৯. হিসাব নিরীক্ষণ ও রক্ষণ বিষয়ক স্থায়ী গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে সিদ্ধান্ত

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|
| গত ১৫-১০-২০২৩খ্রিঃ হিসাব নিরীক্ষণ ও রক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির ১০ম সভায় গৃহিত সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্শ্বোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। কর্পোরেশনের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজ সম্পাদনের জন্য অগ্রিম প্রদানকৃত অর্থ জেনারেল ফিন্যান্সিয়াল রুলস অনুযায়ী সংশ্লিষ্ট অর্থ বছরের ৩০শে জুনের মধ্যে সমন্বয়ে বিধান থাকলেও তা অনুসরণ করা হচ্ছে না বিধায় এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। জন্ম নিবন্ধনের আদায় ও হিসাব বিবরণী প্রতিমাসে হিসাব বিভাগের মাধ্যমে হিসাব নিরীক্ষণ ও রক্ষণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি বরাবরে প্রেরণ করতে হবে।<br>৩। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ৪১টি ওয়ার্ডে অধীনে জন্মমৃত্যু নিবন্ধন সনদসহ বিভিন্ন সনদ প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট মালামাল যেমন- কম্পিউটার, মেরামত প্রিন্টার, টোনার, কাগজ, কলম, পেন্সিল,যাবতীয় সরঞ্জামাদি ক্রয়ের জন্য প্রয়োজনীয় অর্থ জন্ম মৃত্যু নিবন্ধন খাত থেকে খরচ করা যাবে কিনা এ বিষয়ে নির্দেশনার | ১,২ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা চট্টগ্রাম সিটি কর্পোরেশন<br>৩। মেয়র মহোদয়ের একান্ত সচিব<br>চট্টগ্রাম সিটি কর্পোরেশন | |

| | | | |
|---|---|---|---|
| | জন্য মাননীয় মেয়র কর্তৃক একটি ডিও লেটার সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রেরণের ব্যবস্থা করতে হবে। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রেজাউল করিম চৌধুরী)
সভাপতি
ও
মেয়র
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১১.১৫০০.০০১.০৬.০০২.২৩- ১৫৬৩ তারিখ: ২৬.১১.২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ।
৩। পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৫। ব্যবস্থাপনা পরিচালক, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য তাঁর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৮। মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানী লিমিটেড
৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত সার্কেল-১, নগরভবন, চট্টগ্রাম.
১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পূর্ব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
১৪। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) চট্টগ্রাম বিভাগ
১৫। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ
১৬। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স এর প্রতিনিধি
১৭। উপ-পরিচালক, বি.আর.টি.এ এর প্রতিনিধি
১৮। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে এর প্রতিনিধি
১৯। অধিনায়ক, র‍্যাপিড এ্যাকশন ব্যাটেলিয়ান-০৭ এর প্রতিনিধি
২০। কাউন্সিলর ..................................................নং ওয়ার্ড/সংরক্ষিত আসন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২১। বিভাগীয় প্রধান (সকল)...........................................................................বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২২। মাননীয় মেয়র এর একান্ত সচিব।
২৩। শাখা প্রধান(সকল)..............................................................................................চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
২৪। অফিস কপি।

(শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম)
প্রধান নির্বাহী কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
টাইগার পাস, চট্টগ্রাম।

## ৬ষ্ঠ নির্বাচিত পরিষদের ৩৩ তম সাধারণ সভায় উপস্থিত কাউন্সিলরবৃন্দের নাম

| ক্রঃ নং | সম্মানিত কাউন্সিলরবৃন্দের নাম | ওয়ার্ডের নাম |
|---|---|---|
| ১. | জনাব আব্দুস সবুর লিটন (প্যানেল মেয়র-১) | ২৫নং রামপুর ওয়ার্ড |
| ২. | মোহাম্মদ গিয়াস উদ্দিন ( প্যানেল মেয়র-২) | ১৫নং বাগমনিরাম ওয়ার্ড |
| ৩. | আফরোজা জহুর (আফরোজা কালাম) (২৭,৩৭,৩৮) (প্যানেল মেয়র-৩) | সংরক্ষিত ওয়ার্ড-১২ |
| ৪. | জোবাইরা নার্গিস খান (৪,৫,৬) | সংরক্ষিত ওয়ার্ড-২ |
| ৫. | তছলিমা বেগম (নুরজাহান) (৯,১০,১৩) | সংরক্ষিত ওয়ার্ড- ৪ |
| ৬. | আনজুমান আরা ( ১৪,১৫,২১) | সংরক্ষিত ওয়ার্ড নং-৫ |
| ৭. | শাহীন আকতার রোজী (১৭,১৮,১৯) | সংরক্ষিত ওয়ার্ড নং-৬ |
| ৮. | রুমকি সেনগুপ্ত (১৬,২০,৩২) | সংরক্ষিত ওয়ার্ড নং-৭ |
| ৯. | জাহেদা বেগম পপি (১২,২৩,২৪) | সংরক্ষিত ওয়ার্ড-৯ |
| ১০. | হুরে আরা বেগম (১১,২৫,২৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১০ |
| ১১. | ফেরদৌসি আকবর ( ২৮,২৯,৩৬) | সংরক্ষিত ওয়ার্ড নং-১১ |
| ১২. | বেগম লুৎফুন্নেছা দোভাষ বেবী ( ৩৩,৩৪,৩৫) | সংরক্ষিত ওয়ার্ড নং-১৩ |
| ১৩. | বেগম শাহেনুর বেগম (৩৯,৪০,৪১) | সংরক্ষিত ওয়ার্ড- ১৪ |
| ১৪. | জনাব গাজী মোঃ শফিউল আজিম | ০১নং দক্ষিণ পাহাড়তলী ওয়ার্ড |
| ১৫. | জনাব মোঃ সাহেদ ইকবাল (বাবু) | ০২নং জালালাবাদ ওয়ার্ড |
| ১৬. | আলহাজ্ব মোঃ শফিকুল ইসলাম | ০৩নং পাঁচলাইশ ওয়ার্ড |
| ১৭. | জনাব মোঃ মোবারক আলী | ০৭ নং পশ্চিম ষোল শহর ওয়ার্ড |
| ১৮. | জনাব মোঃ মোরশেদ আলম | ০৮নং শুলকবহর ওয়ার্ড |
| ১৯. | জনাব মোঃ জহুরুল আলম জসিম | ০৯নং উত্তর পাহাড়তলী ওয়ার্ড |
| ২০. | জনাব মোহাম্মদ ইসমাইল | ১১নং দক্ষিণ কাট্টলী ওয়ার্ড |
| ২১. | জনাব মোঃ নুরুল আমিন | ১২নং সরাইপাড়া ওয়ার্ড |
| ২২. | জনাব মোঃ ওয়াসিম উদ্দিন চৌধুরী | ১৩নং পাহাড়তলী ওয়ার্ড |
| ২৩. | জনাব আবুল হাসনাত মোঃ বেলাল | ১৪নং লালখান বাজার ওয়ার্ড |

| | | |
|---|---|---|
| ২৪. | জনাব মোঃ নুর মোস্তফা টিনু ( টিটু) | ১৬নং চকবাজার ওয়ার্ড |
| ২৫. | জনাব মোহাম্মদ শহিদুল আলম | ১৭নং পশ্চিম বাকলিয়া ওয়ার্ড |
| ২৬. | জনাব মোঃ নুরুল আলম | ১৯নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড |
| ২৭. | জনাব শৈবাল দাশ সুমন | ২১নং জামালখান ওয়ার্ড |
| ২৮. | জনাব মোহাম্মদ সলিম উল্লাহ | ২২নং এনায়েত বাজার ওয়ার্ড |
| ২৯. | জনাব মোহাম্মদ জাবেদ | ২৩নং উত্তর পাঠানটুলী ওয়ার্ড |
| ৩০. | জনাব নাজমুল হক | ২৪নং উত্তর আগ্রাবাদ ওয়ার্ড |
| ৩১. | জনাব মোহাম্মদ ইলিয়াছ | ২৬নং উত্তর হালিশহর ওয়ার্ড |
| ৩২. | জনাব মোঃ শেখ জাফরুল হায়দার চৌধুরী | ২৭নং দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড |
| ৩৩. | জনাব নজরুল ইসলাম বাহাদুর | ২৮নং পাঠানটুলী ওয়ার্ড |
| ৩৪. | জনাব গোলাম মোঃ জোবায়ের | ২৯নং পশ্চিম মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৫. | জনাব আতাউল্লাহ চৌধুরী | ৩০নং পূর্ব মাদারবাড়ী ওয়ার্ড |
| ৩৬. | জনাব আবদুস সালাম মাসুম | ৩১নং আলকরণ ওয়ার্ড |
| ৩৭. | জনাব জহর লাল হাজারী | ৩২নং আন্দরকিল্লা ওয়ার্ড |
| ৩৮. | জনাব হাসান মুরাদ | ৩৩নং ফিরিঙ্গী বাজার ওয়ার্ড |
| ৩৯. | জনাব পুলক খাস্তগীর | ৩৪নং পাথরঘাটা ওয়ার্ড |
| ৪০. | হাজী নুরুল হক | ৩৫নং বক্সিরহাট ওয়ার্ড |
| ৪১. | জনাব মোহাম্মদ আবদুল মান্নান | ৩৭নং উত্তর মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪২. | জনাব গোলাম মোঃ চৌধুরী | ৩৮নং দক্ষিণ মধ্যম হালিশহর ওয়ার্ড |
| ৪৩. | জনাব জিয়াউল হক সুমন | ৩৯নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড |
| ৪৪. | জনাব ছালেহ আহমদ চৌধুরী | ৪১ নং দক্ষিণ পতেঙ্গা ওয়ার্ড |